

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নং ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.(০২৩) (পার্ট-৩).১৯-৬৯৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬  
০১ ডিসেম্বর ২০১৯

বিষয়: পিইডিপি৪ এর আওতায় বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আবেদনপত্র আহবান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪) এর আওতায় জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২০ সেশনে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত বিষয়াদি অনুসরণপূর্বক আগ্রহী প্রার্থীগণকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ০২ (দুই) কপি আবেদনপত্র আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে/বাহক মারফত মহাপরিচালক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।

২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা/থানা শিক্ষা অফিস, উপজেলা/থানা রিসোর্স সেন্টার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্যাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণ নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালনপূর্বক আবেদন করতে পারবেন।

৩। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

- ক. মাস্টার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ বা সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না।
- খ. আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- গ. প্রার্থীদের ইংরেজিতে সাবলীলভাবে লেখা, পড়া, বলা ও শুনার দক্ষতা থাকতে হবে।
- ঘ. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে (ভর্তি, শিক্ষা সমাপনী এবং বারে পড়া রাখে সাফল্য অর্জনসহ সমাজ উদ্বুদ্ধকরণ ইত্যাদি ক্ষেত্রে) বিশেষ অবদানের জন্য স্বীকৃতিপ্রাপ্ত এবং প্রাথমিক শিক্ষা বিষয়ে উচ্চমানের প্রকাশনা/গবেষণা রয়েছে এমন প্রার্থীগণ ভর্তির জন্য অগ্রাধিকার পাবেন।
- ঙ. বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রার্থীদের **IELTS-এ ন্যূনতম ৬.০০ (Individual ব্যাণ্ডে ন্যূনতম ৫.৫ সহ) অথবা TOEFL-এ ন্যূনতম ৭৫.০০ স্কোর থাকা আবশ্যিক।**
- চ. প্রার্থীদের চাকরি স্থায়ী হতে হবে এবং প্রাথমিক শিক্ষার মাঠ/কেন্দ্রীয় পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- ছ. প্রার্থীদের শৃঙ্খলা ও আচরণ সন্তোষজনক হতে হবে।
- জ. বিভাগীয় মামলায় গুরুদস্তপ্রাপ্ত অথবা বিভাগীয় মামলা চলমান রয়েছে এমন কোন কর্মকর্তা ও শিক্ষক আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ঝ. প্রার্থীদের বয়স ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে।
- ঞ. পিইডিপি-৩/পিইডিপি৪ এর আওতায় দেশী/বৈদেশিক বিশ্ববিদ্যালয় হতে এক বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন তারা আবেদন করতে পারবেন না।
- ট. মাস্টার্স কোর্স সম্পন্ন করার পর প্রার্থীগণ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১০ বছর কাজ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন।
- ঠ. মাস্টার্স কোর্সের শিক্ষার্থীদের টিউশন ফি ও লিভিং কস্ট পিইডিপি৪ এর বরাদ্দ থেকে বহন করা হবে।
- ড. সংযুক্ত ফরমে তথ্যাদি প্রদানসহ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।

মোঃ জেবায়েদুর রহমান  
পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬

মহাপরিচালক: জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
/ব্যাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট।

বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা: ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা

/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ বিভাগ- তাঁর আওতাধীন সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার অনুরোধসহ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাশিত, ডিপিই ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল)।
- ৬। সুপারিনটেনডেন্ট, পিটিআই.....(সকল)।
- ৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার ও ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার.....(সকল)।
- ৯। অফিস কপি।